


সমকালীন

এসএসসি পরীক্ষার্থী ক্ষেত্রে সিলেটে

প্রকাশ: ০৯ সেপ্টেম্বর ২২ | ২২:১৮ | আপডেট: ০৯ সেপ্টেম্বর ২২ | ২২:১৮

সিলেট বুরো



সিলেট শিক্ষা বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় (এসএসসি) এবার অংশ নিচ্ছে ১ লাখ ১৬ হাজার ৪৮৮ পরীক্ষার্থী, যা গত বছরের চেয়ে ৪ হাজার ৫৯৯ জন কম। আগের বছর পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ২১ হাজার ৪৭ জন। শুরুবার এ তথ্য নিশ্চিত করেছেন সিলেট বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক অরূণ চন্দ্র পাল।

আগামী ১৫ সেপ্টেম্বর সারাদেশের সঙ্গে একযোগে সিলেট বোর্ডের অধীনে ৯৩০টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ১৪৯টি কেন্দ্রে পরীক্ষায় বসবে। পরীক্ষার্থীর মধ্যে ছেলে ৪৯ হাজার ৫১৭ এবং মেয়ে ৬৬ হাজার ৯৭১ জন। এর মধ্যে ১৭ হাজার ৪৫৪ জন মেয়ে পরীক্ষার্থী বেশি।

তিনটি বিভাগের মধ্যে বিজ্ঞান বিভাগ থেকে ২৩ হাজার ৩১৮ জন, মানবিকে ৮৪ হাজার ২৭১ ও ব্যবসায় শিক্ষায় ৮ হাজার ৮৯৯ পরীক্ষার্থী অংশ নিচ্ছে। পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি নিচ্ছে বোর্ড কর্তৃপক্ষ।

বোর্ডের চেয়ারম্যান ড. রমা বিজয় সরকার সমকালকে বলেন, গত বুধ ও বৃহস্পতিবার পরীক্ষা নিয়ন্ত্রকসহ বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীলদের সঙ্গে বৈঠক করা হয়েছে। প্রশ়্নপত্র ফাঁস রোধসহ কিছু প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। দু-এক দিনের মধ্যে সব প্রস্তুতি শেষ হবে।

বোর্ড সূত্রে জানা গেছে, পরীক্ষা চলাকালে বোর্ডের অভ্যন্তরীণ সাতটি ভিজিল্যান্স টিম গঠিত হয়েছে। শিক্ষকদের নিয়ে করা হয়েছে আরও ৩০টি টিম।

© সমকাল ২০০৫ - ২০২২

তারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com